মেহেরপুরে শহিদুল ইসলাম পেরেশানের গণসংযোগ

শেখ হাসিনা কে আবারো ক্ষমতায় রাখতে ও উন্নয়নের ধারা অব্যাহত রেখে স্মার্ট বাংলাদেশ গড়তে মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানের গণসংযোগের আয়োজন করা হয়।

আজ শনিবার বিকেলে মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের ৮নং ওয়ার্ড আওয়ামী যুবলীগের উদ্যোগে গণসংযোগের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানার সঞ্চালনায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট মিয়াজান আলী, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মুজিবনগর উপজেলা আওয়ামী যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, সদর থানা যুবলীগের যুগ্ন আহবায়ক সাজেদুর রহমান সাজু, মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক দপ্তর সম্পাদক আব্দুল লতিফ সহ বিভিন্ন নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মুজিবনগরের বল্লবপুরে ওয়ার্ড আওয়ামী লীগের বর্ধিত সভা

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড বল্লবপুরে আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে ।

শুক্রবার বিকেলে বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক ও প্যানেল চেয়ারম্যান বাবুল মল্লিকের সার্বিক সহযোগীতায় বল্লভপুর গ্রামবাসির আয়োজনে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি থিউফিল মল্লিকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা

আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মারিও সুসিত মন্ডল গনা, সাধারণ সম্পাদক মাইকেল মন্ডল টুইস, বল্লভপুর মিশন হাসপাতালে এডমিন বিনিময় বিশ্বাস, ইয়ং বাংলা ফিচার লিডারের সভাপতি হাসানুজ্জামান লালটু।

বক্তারা বলেন, সামনে দ্বাদশ জাতীয় নির্বাচন, এই নির্বাচনকে সামনে রেখে আপনাদের সক্রিয়ভাবে কাজ করতে হবে। আওয়ামী লীগ সরকারের উন্নয়নকে তুলে ধরতে হবে এবং সাধারণ জনগণকে বোঝাতে হবে যে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আছে বলেই আমরা এত ভালো আছি । সারা বাংলাদেশের শহর থেকে শুরু করে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে আওয়ামী লীগ সরকার ব্যাপক উন্নয়ন করেছে রাস্তাঘাট, ব্রিজ কালভার্ট,ড্রেন নির্মাণ , মাঠের রাস্তা পাকা করন, সাধারণ মানুষের জীবনমান উন্নয়নসহ বিভিন্ন উন্নয়ন করে যাচ্ছে তাই এই উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং ভালো থাকতে হলে বর্তমান প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনার কে ক্ষমতায় আনতে হবে এবং নৌকার পক্ষে কাজ করতে হবে। নৌকায় ভোট দিয়ে আবারো জননেত্রী শেখ হাসিনাকে ক্ষমতায় আনতে হবে সেই লক্ষ্যে আমাদের কাজ করে যেতে হবে।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন , ২নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ইউপি সদস্য সিবাস্তিন মল্লিক ঝড়ু, বীর মুক্তিযোদ্ধা ভিনসেন্ট মন্ডল, আওয়ামী লীগ নেতা লুক হরেন্দ্র বিশ্বাস রিঠু, সমর বিশ্বাস, বল্লভপুর সার্বিক যুব উন্নয়ন ক্লাবের সাধারণ সম্পাদক মতিউর রহমান খানসহ ওয়ার্ড আওয়ামীলীগের নেতা কর্মীরা।

বর্ধিত সভায় সঞ্চালনায় ছিলেন আওয়ামী লীগ নেতা বিকাশ বিশ্বাস।

বাংলাদেশ আ.লীগ কোন মনোনয়ন

[redacted]

‘[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

খাজনা মওকুফের ঘোষণা দেন।

রাষ্ট্রপতির ১৩৫ নম্বর আদেশের মাধ্যমে নদী কিংবা সাগরের মধ্যে জেগে ওঠা চরে, জমির মালিকানা রাষ্ট্রের হাতে নিয়ে দরিদ্র কৃষকদের দিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেন। একই সাথে খাস জমি প্রান্তিক অস্বচ্ছল কৃষকদের মধ্যে বণ্টনের উদ্যোগ নেন। পাকিস্তান সরকারের সময় দায়ের করা ১০ লাখ সার্টিফিকেট মামলা থেকে কৃষকদের মুক্তি দেন। কৃষকের স্বার্থ রক্ষায় ১৯৭৩ সালে রাষ্ট্রপতির ২৭ নম্বর অধ্যাদেশ বলে বঙ্গবন্ধু প্রতিষ্ঠা করেন ‘বাংলাদেশ কৃষি ব্যাংক’।

আবার শুরু করতে হলো
বঙ্গবন্ধু হত্যার পর ১৪ বছরের সামরিক শাসন এবং পাঁচ বছরের বিএনপি শাসনামলে কৃষি ব্যবস্থাপনা ছিল খুবই দুর্বল এবং বুলি সর্বস্ব প্রচার। এই খাত ভরে গিয়েছিল অপরিকল্পিত খাল খননের মত কিছু লোক দেখানো ছেলে খেলায়। সুষ্ঠু ব্যবস্থাপনায় আসতে বাংলাদেশকে অপেক্ষা করতে হলো ১৯৯৬ সাল পর্যন্ত। প্রথমবার সরকার গঠন করলেন শেখ হাসিনা। দেখলেন, দেশে খাদ্য ঘাটতি ৪০ লাখ মেট্রিক টন। তিনি কাজ শুরু করলেন। প্রথমে কৃষিতে বাজেট বাড়ালেন। ১৯৯৬-৯৭ অর্থবছরের বাজেটে শুধু কৃষি গবেষণার বরাদ্দ ছিল ১২ কোটি টাকা। সরকার ক্ষমতায় আসার বছরেই কৃষিখাতে বাজেটের এই বৃদ্ধি নিঃসন্দেহে ছিল ঐতিহাসিক। ১৯৯৭-৯৮ অর্থবছরে, অর্থাৎ সরকার গঠনের পরের বছরই কৃষিখাতের বাজেট উন্নীত হয় ১০০ কোটি টাকায়, যা সম্পূর্ণ ব্যয় করা হয় কৃষি ও কৃষি সংক্রান্ত আইসিটি খাতে।

আরেকটি কালো অধ্যায়
বিএনপি জামাত জোট সরকারের সময়ে ২০০১ থেকে ২০০৬ পর্যন্ত পুনরায় দেশের কৃষিতে ধস নেমে আসে। আওয়ামী লীগ সরকার শেখ হাসিনার নেতৃত্বে যেখানে খাদ্য উদ্বৃত্ত রেখে যায়, সেখানে খাদ্য ঘাটতি দেখা দেয় । যে কারণে আমদানি নির্ভরতা বৃদ্ধি পেতে থাকে। প্রয়োজনীয় সরকারি কর্মসূচি ও সীমাহীন দুর্নীতির জন্য কৃষকরা বিপদে পড়েন।

বিদ্যুৎক্ষেত্রে বিএনপি-জামাতের সীমাহীন দুর্নীতির জন্য বিদ্যুৎ উৎপাদন উল্লেখযোগ্য হারে হ্রাস পায়। এতে সেচ প্রক্রিয়া বন্ধ হয়ে যায়। সরকারি ফেঞ্চুগঞ্জ সার কারখানা থেকে লাখ লাখ বস্তা সার লুট করে তা দ্বিগুণ দামে খোলা বাজারে বিক্রি করতো বিএনপি-জামাতের কর্মীরা। যেকারণে সারের তীব্র সংকট তৈরি হয়। সারাদেশে বিদ্যুৎ ও সারের অভাবে আন্দোলনে নামতে বাধ্য হন কৃষকরা। আন্দোলনরত কৃষক-

দেশের প্রান্তিক কৃষকসমাজ সহজেই কৃষিখাতের আধুনিকায়নের সঙ্গে সম্পৃক্ত হতে পারছেন।

শেখ হাসিনার সরকার কৃষককে মাত্র ১০ টাকায় ব্যাংক হিসাব খোলার সুযোগ করে দেওয়ায় ১ কোটি ১ লাখ ১৯ হাজার ৫৪৮টি ব্যাংক হিসাব খোলা সম্ভব হয়েছে, যেখানে বর্তমান স্থিতি প্রায় ২৮২ কোটি টাকা। সরকার ২০০৮-০৯ অর্থবছর থেকে প্রণোদনা চালু করেছে। অদ্যাবধি এ কর্মসূচির মাধ্যমে ৮২৭ কোটি ১৭ লাখ টাকা দেয়া হয়েছে। এর মাধ্যমে ৭৪ লাখ ৫৪ হাজার ৩১৩ কৃষক উপকৃত হয়েছেন।

আলোর পথে বাংলাদেশ
২০১৯-২০ অর্থবছরে কৃষি ভর্তুকির পরিমাণ ছিল ৮০০০ কোটি টাকা। করোনা সংকটের মুখে খাদ্য নিরাপত্তা বিষয়টিকে গুরুত্ব দিয়ে ২০২০-২১ অর্থবছরে কৃষি ভর্তুকির পরিমাণ বাড়িয়ে ৯৫০০ কোটি টাকায় উন্নীত করা হয়। বিএনপি আমলে যেখানে মোট ফসল উৎপাদন ছিল মাত্র ২ কোটি ৬১ লাখ টন। সেখানে আওয়ামী লীগ সরকারের সময় আমলে ২০২২ সালে মোট ফসল উৎপাদন হয় ৯ কোটি ১৯ লাখ ১৮ হাজার ৮০০ টন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এখন সবার আগে দেশের নেতৃত্ব দিচ্ছে কৃষি। কৃষকদের জীবনযাত্রার মানেও এসেছে আমূল পরিবর্তন। লেখাপড়া শেষ করে বহু ছেলে মেয়ে কৃষিকে পেশা হিসেবে বেছে নিচ্ছে। কৃষিখাত হয়ে উঠছে দেশে কর্মসংস্থানের অন্যতম আশ্রয়।

লেখক: গণমাধ্যমকর্মী।

চুয়াডাঙ্গা-১ আসনে আফরোজা পারভীনের পথসভা উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষ থেকে চুয়াডাঙ্গা-১ আসনে পথসভা উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা আলমডাঙ্গা

মেহেরপুর যুব মহিলা লীগের উদ্যোগে উঠান বৈঠক

সরকারের সাফল্য ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা পৌছে দিতে ও স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে মেহেরপুরে যুব মহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর পৌরসভার ৭, ৮ ও ৯নং ওয়ার্ড যুব মহিলা লীগের উদ্যোগে বৃহস্পতিবার বিকেলে কবি নজরুল শিক্ষা মঞ্জিল মাঠ প্রাঙ্গণে উঠান বৈঠকের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌর যুব মহিলা লীগের সভাপতি রোকসানা কামাল রুনুর সভাপতিত্বে উঠান বৈঠকে উপস্থিত ছিলেন, বাংলাদেশ যুব মহিলা লীগের সহ-সভাপতি ও কেন্দ্রীয় কার্য নির্বাহী সদস্য সৈয়দা মোনালিসা ইসলাম, মেহেরপুর যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক অ্যাড. রুতশোভা মন্ডলের সঞ্চালনায় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিম, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, ৭নং ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজীব। উঠান বৈঠকে যুব মহিলা লীগের বিভিন্ন ওয়ার্ডের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা-২ আসনে সরকারের উন্নয়নের কর্মকান্ড তুলে ধরতে হাশেম রেজার পথসভা

চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকার নৌকার মনোনয়ন প্রত্যাশি জাতীয দৈনিক পত্রিকার সম্পাদক প্রকাশক হাশেম রেজা বলেছেন জাতীর জনক ববঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যোগ্য উত্তরসুরি বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশে যে উন্নয়ন সহযোগিতা করেছেন এবং যেসব জনমানব উন্নয়ন মুলক কাজ করে বিশ্ববাসিকে তাক লাগিয়ে দিয়েছেন সে কারনেই এ দেশের আমজনতা পাফাটা

মানুষ ফের শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী নির্বাচিত করে বাংলার মসনদে বসাবে ইনসাল্লাহ।

বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দীয় উপ কমিটির ত্রান ও সমাজকল্ল্যান বিষয়ক সদস্য হাশেম রেজা আজ বুধবার দর্শনা থানার রাঙিয়ারপোতা গ্রামের স্কুলপাড়ার এক পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলার মানুষের কল্যানের জন্য যে কত দফায় ভাতা প্রদান করেছেন তা যেন একটি বিশ্ব রেকর্ড।যে মানুষটি প্রতিনিয়ত বাংলার জনগনের জন্য চিন্তা চেতনায় বিভোর হয়ে থাকে,দেশ উন্নয়নে বিরামহীনভাবে কাজ করে যাচ্ছেন,বিশ্বকে অবাক করে চ্যালেন্জকরে পদ্মাসেতুরমত ব্রীজ নির্মান করেছেন,যা সহজ ব্যাপার নয়।

ঐদিন পথসভায় বেগমপুর ইউনিয়ন যুবলীগ নেতা ও রাঙিয়ারপোতা গ্রামের কৃতি সন্তান মোঃ ওবায়দুর রহমানের সভপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ সব কথা বলেন। আমি আপনাদের সন্তান আমি প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য নৌকা মার্কায় ভোট ভিক্ষা ভোট প্রার্থনা করছি,এবং আমি কথা দিচ্ছি চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকায় মাননীয় প্রধানমন্ত্রী যাকেই নৌকা প্রতিক দিবেন তার সাথে থেকে অবশ্যই নৌকাকে জিতিয়ে নিয়ে যাবোই যাব। এ সময় আওয়ামীলীগ নেতা সরফরাজ, শরিফ উদ্দিন,বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম,কলেজ ছাত্রলীগ নেতা নাসির উদ্দিন ও সাদ্দাম হোসেন বক্তব্যে রাখেন।

চুয়াডাঙ্গায় নৌকার পক্ষে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গায় নৌকার পক্ষে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার বড় গাংনী ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি ও

ইউপি সদস্য ফেরদৌসী মেম্বারের আয়োজনে উঠান বৈঠক ও নৌকার পক্ষে গণসংযোগ করেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি একমাত্র মহিলা নেত্রী আফরোজা পারভীন।

এ সময় তিনি গণসংযোগের সময় সরকারের উন্নয়ন কাজের চিত্র তুলে ধরে লিফলেট বিতরণ করেন এবং তিনি বলেন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনটি ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্বাচন। বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা অব্যাহত থাকবে নাকি জঙ্গিবাদ তালেবানদের হাতে যাবে সেটি নির্ধারণ হবে এ নির্বাচনে।

এ সময় তিনি আরও বলেন, যদি মাটি ও পতাকাকে ভালোবাসেন তাহলে নৌকা মার্কায় ভোট দিয়ে শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় আনতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন, সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

মেহেরপুর পৌরসভার ৪,৫ ও ৬নং ওয়ার্ড যুব মহিলা লীগের সমাবেশ

মেহেরপুর পৌরসভার ৪ ও ৫ এবং ৬ নং ওয়ার্ড যুব মহিলা লীগের উঠান বৈঠকের আয়োজন করা হয়।

শেখ হাসিনার উন্নয়নের ধারা পৌছে দিতে ও স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে মেহেরপুর পৌরসভার ৪ ও ৫ এবং ৬ নং ওয়ার্ড যুব মহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। বুধবার বিকেলে বিএডিসিতে উঠান বৈঠকের অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ যুব মহিলা লীগ মেহেরপুর শাখার সাধারণ সম্পাদিকা রুথ শোভা মন্ডলের সঞ্চালনায় মেহেরপুর পৌর যুব মহিলা লীগের সভাপতি রোকসানা কালাম রুনুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপস্থিত ছিলেন বাংলাদেশ যুব মহিলা লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম।

উঠান বৈঠকে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলার সভানেত্রী সামিউল বাসিরা পলি, মেহেরপুর জেলা আওয়ামীলীগের অর্থ বিশেষ সম্পাদক সিরাজুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, মেহেরপুর পৌরসভা ৪ নাম্বার ওয়ার্ড যুব মহিলা লীগের সম্পাদিকা শারমিন আক্তার, সহ নেত্রী এবং কর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা-১ আসনে আফরোজা পারভীনের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষ থেকে চুয়াডাঙ্গা-১ আসনে পথসভা উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নে ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি ইউপি সদস্য ফিরোজা খাতুন এর আয়োজনে এই নির্বাচনী উঠান বৈঠক ও গণসংযোগ করেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজা পারভীন।

এ সময় তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা মানুষের ভাগ্য উন্নয়নে দিন-রাত কঠোর পরিশ্রম করে যাচ্ছেন। বঙ্গবন্ধুকন্যা

বিশ্বব্যাংককে চ্যালেঞ্জ করে নিজেদের অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ করে বাংলাদেশের সক্ষমতা দেখিয়ে দিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের উন্নয়নের ধারাবাহিকতায় বিশ্বে বাংলাদেশ আজ রোল মডেল। দেশকে উন্নয়নের স্বর্ণ শিখরে পৌঁছাতে আগামী দিনেও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিকল্প নেই।

আগামী সংসদ নির্বাচনে নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনার সরকারকে আবারো ক্ষমতায় আনতে ভোটারদের প্রতি আহ্বান জানান তিনি। গণসংযোগের সময় সরকারের উন্নয়ন কাজের চিত্র তুলে ধরে লিফলেট বিতরণ করা হচ্ছে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন, সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ